# নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতি
# NILPHAMARI PALLI BIDYUT

সদর দপ্তর, সুটিপাড়া, নীলফামারী
E-mail : nilpbs@gmail.com
Website: pbs.nilphamari.gov.bd
Facebook page: facebook.com/nilphamaripbs


স্মারক নং ২৭.১২.৭৩৬৪.৫৫৪.০১.০৩৮.২৩.৯৭৯

তারিখঃ ১১ চৈত্র'১৪২৯ বঙ্গাঃ
২৫ মার্চ' ২০২৩ খ্রিঃ

## দরপত্র বিজ্ঞপ্তি

নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতির জন্য নিজস্ব তহবিলের আওতায় আউটসোর্সিং পদ্ধতিতে ০৬ (ছয়) জন নিরাপত্তা প্রহরী নিয়োগের লক্ষ্যে বাংলাদেশ সরকার অনুমোদিত বাংলাদেশের জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে ঃ

| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ |
|---|---|---|---|---|---|
| পদের নাম ক্যাটাগরী ও পদের সংখ্যা | দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) বিক্রয়ের সময়সূচী | দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী | | দরপত্র দলিলের মূল্য (টাকা) (অফেরতযোগ্য) | দরপত্র জামানত (টাকা) |
| | | গ্রহণ | খোলা | | |
| নিরাপত্তা প্রহরী (আউটসোর্সিং), ক্যাটারী-৫ পদের সংখ্যা- ০৬ (ছয়) জন | ২৮-০৩-২০২৩ খ্রি মঙ্গলবার হতে ০৯-০৪ -২০২৩ খ্রি রবিবার অফিস চলাকালীন সময় পর্যন্ত | ১০-০৪-২০২৩ খ্রি সোমবার বেলা ১১.৩০ ঘটিকা (BST) পর্যন্ত | ১০-০৪-২০২৩ খ্রি সোমবার বেলা ১১.৩৫ ঘটিকায় (BST) | ১,৫০০/- | ১,২৪,০০০/- |

**শর্তাবলীঃ**

০১। দরপত্র বিজ্ঞপ্তির বিস্তারিত বিবরণ নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েব সাইট http://pbs.nilphamari.gov.bd থেকে ডাউন লোড করে বিস্তারিত জানা যাবে । এছাড়াও আগ্রহী দরদাতাগণ অফিস সময়ে নিম্নোক্ত ঠিকানা হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন এবং দরপত্র দলিল ক্রয় করতে পারবেন।

০২। আগ্রহী দরদাতাগণ **"নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতি"** এর অনুকূলে যে কোন তফসিল ব্যাংক হতে প্রতিটি দরপত্রের বিপরীতে উপরে বর্ণিত ছকে উল্লেখিত টাকার অফেরতযোগ্য (দরপত্র দলিলের মূল্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করত: নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতি এর জেনারেল ম্যানেজার বরাবরে সরবরাহকারী/প্রস্তুতকারী/ঠিকাদারী প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে নীলফামারী পবিসের সদর দপ্তর, সুটিপাড়া, নীলফামারী অথবা পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল প্রেরণ করা হবে না।

০৩। দরপত্র উপরে বর্ণিত সময়সীমার মধ্যে যে কোন দিন (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতিত) অফিস সময়ে নীলফামারী পবিস এর সদর দপ্তর, সুটিপাড়া, নীলফামারী অথবা পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এই ঠিকানায় পৌছাতে হবে। বিলম্বে গৃহীত দরপত্র বাতিল বলে গণ্য হবে।

০৪। প্রতিটি দরপত্রের সাথে নীলফামারী পবিসের অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে ছকে উল্লেখিত টাকার পরিমাণ পে-অর্ডার/ব্যাংক ড্রাফট জামানত হিসাবে সংযুক্ত করতে হবে। এছাড়াও দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিষ্ট্রেশন, আয়কর সনদ (প্রযোজ্য ক্ষেত্রে), ব্যাংক সলভেন্সী সনদ ও অভিজ্ঞতার সনদ (যদি থাকে) এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে (বিস্তারিত দরপত্র দলিলে রয়েছে)।

০৫। দাখিলকৃত দরপত্র সমূহ পাবলিক প্রকিউরমেন্ট আইন (পিপিআর-২০০৮) এবং পবিস নির্দেশিকা ৩০০-৩৬ অনুযায়ী যথাযথভাবে মূল্যায়নের পর কর্তৃপক্ষের নিকট গ্রহণযোগ্য ১ম সর্বনিম্ন রেসপনসিভ দরদাতার অনুকূলে কার্যাদেশ প্রদান করা হবে।

০৬। প্রাপ্ত দরপত্র সমূহ বর্ণিত সময়সীমা অনুযায়ী নীলফামারী পবিস এর সদর দপ্তর, সুটিপাড়া, নীলফামারী অথবা পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকায় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকে) খোলা হবে।

০৭। নিয়োজিত কর্মচারীগণ কাজের স্বার্থে ছুটির দিনে বা অফিস সময়ের আগে-পরে দায়িত্ব পালন করবেন। এজন্য তিনি কোন অতিরিক্ত বেতন-ভাতাদি দাবী করতে পারবেন না।

০৮। সরবরাহকৃত সকল জনবল দায়িত্ব পালনকালে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের পরিচয়পত্র ও ইউনিফর্ম পরিধান করবে। এক্ষেত্রে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে পদওয়ারী ভিন্ন ভিন্ন রঙের ও ডিজাইনের ইউনিফর্ম সরবরাহ করতে হবে;

০৯। সরবরাহকৃত কর্মচারীর দ্বারা বাপবিবোর্ডের কোন সম্পদের ক্ষতি/ধ্বংস/চুরি/আত্মসাৎ বা অন্য যে কোন ধরনের ক্ষতি সাধিত হলে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে তার দায়ভার বহন করাসহ ক্ষতিপূরণ প্রদান করতে হবে। এক্ষেত্রে অত্র সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত হিসাবে গণ্য হবে;

১০। নিরাপত্তা প্রহরীগণ সমিতির সম্পদ চুরি/অনিষ্ট/বিনষ্ট থেকে রক্ষা করবেন এবং যে কোন দুর্ঘটনা, চুরি, অনধিকার প্রবেশ এবং ক্ষতির সম্ভাবনা থাকলে সঙ্গে সঙ্গে তা কর্তৃপক্ষকে অবহিত করতে হবে;

অপর পৃষ্ঠার দ্রষ্টব্য

১১। অসুস্থতা, কর্তব্যে অবহেলা, অসদাচরণ, অফিসের সুনাম ক্ষুন্ন, গোপনীয়তা ভঙ্গ, সম্পদ বিনষ্ট ইত্যাদির অভিযোগ পাওয়া গেলে বা কারো কাজের মান সন্তোষজনক না হলে তাৎক্ষণিকভাবে তাকে/তাদেরকে প্রত্যাহার করতে হবে এবং ০৭ (সাত) দিনের মধ্যে তার বা তাদের পরিবর্তে সমযোগ্যতা/অধিকতর যোগ্যতা সম্পন্ন জনবল সরবরাহ করতে হবে। এক্ষেত্রে সমিতির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গন্য হবে;

১২। নিয়োজিত জনবল সরকারী বিধি অনুযায়ী ছুটি ভোগ করতে পারবেন;

১৩। নির্ধারিত সময়ের মধ্যে চুক্তিবদ্ধ জনবল সরবরাহে ব্যর্থ হলে চুক্তি বাতিলসহ সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;

১৪। নিয়োজিত জনবলের দৈনিক হাজিরা তথা প্রকৃত কর্ম সম্পাদনের ভিত্তিতে জনবল নিয়োজিতকারী দপ্তর কর্তৃক সেবা প্রদানকারী কর্মচারীর বেতন-ভাতা বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয় হতে জারীকৃত সর্বশেষ পরিপত্র অনুযায়ী পরিশোধ করা হবে;

১৫। সরবরাহতব্য জনবল সুস্থ ও স্বাভাবিক হতে হবে। জনবল সরবরাহের পূর্বে রেজিষ্টার্ড ডাক্তার দ্বারা উপযুক্ততা সংক্রান্ত স্বাস্থ্যগত সনদ দাখিল করতে হবে।

১৬। সরবরাহকৃত জনবল কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক জরুরী প্রয়োজনে যে কোন অবস্থায় অতিরিক্ত কাজ করতে বাধ্য থাকবে। অতিরিক্ত কাজের জন্য কোন প্রকার ওভারটাইম বেতন/ ভাতা দেয়া হবে না। সরবরাহকৃত জনবলের কেহ দায়িত্ব পালনকালীন সময় দূর্ঘটনায় পতিত হলে তার সকল দায়-দায়িত্ব জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে বহন করতে হবে;

১৭। বর্ণিত জনবল চুক্তিকালীন সময়ে কর্তৃপক্ষের নিকট হতে দরপত্রে প্রস্তাবিত বেতন-ভাতা ব্যতীত অন্য কোন রকম সুযোগ-সুবিধা প্রাপ্য হবেন না;

১৮। সমিতি কর্তৃপক্ষ যে কোন শর্তাবলী পরিবর্তনের ক্ষমতা সংরক্ষণ করেন;

১৯। জনবল সংগ্রহকারী দপ্তর কর্তৃক সরবরাহতব্য জনবল নিয়োজিত করনের পূর্বে সমিতি কর্তৃক মৌখিক সাক্ষাৎকার গ্রহন করা হবে। যে সকল প্রার্থী অযোগ্য ও অসমর্থ বলে বিবেচিত হবে সরবরাহকারী সে সকল প্রার্থীকে সরিয়ে নিয়ে ডেলিভারী সিডিউল এর মধ্যে যোগ্য প্রার্থী সরবরাহ করতে হবে। সাক্ষাৎকার প্রদানকারীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

২০। আউট সোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত আইন, বিধিমালা, নির্দেশনা ইত্যাদি উভয় পক্ষের জন্য কার্যকর হবে। তাছাড়া, এতদবিষয়ে সমিতি এর কর্তৃপক্ষের সিদ্ধান্ত কার্যকর হবে।

২১। সরবরাহকৃত নিয়োজিত জনবল ট্রানজিট লিভ এবং টিএ/ডিএ দাবী করতে পারবেন না। নিয়োজিত জনবল অননুমোদিত অনুপস্থিতির জন্য বেতন ভাতা প্রাপ্য হবেন না;

২২। সম্পাদিত চুক্তিতে যে সকল বিষয়ের উল্লেখ নাই, সে সকল বিষয়াদি সরকারের প্রচলিত আইন, বিধি অথবা বাপবিবোর্ডের নীতিমালা বা সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী পরিচালিত ও নিষ্পত্তি হবে;

২৩। এই চুক্তিপত্রের আওতায় কোন ব্যক্তি বিশেষের সাথে নীলফামারী পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক কোন চুক্তি সম্পাদিত হবে না। কোন ব্যক্তির নামে নিয়োগপত্র ইস্যু করা হবে না। তবে নিয়োগকৃত কোন জনবলকে কোন বিষয়ে সংশোধন/সর্তক/পরামর্শ/অবহিতকরণ এর ক্ষমতা সমিতির নিকট সংরক্ষিত থাকবে;

২৪। সরবরাহকৃত ও নিয়োজিত জনবলের যোগ্যতা/অভিজ্ঞতা এবং কোন তথ্য সমিতির নিকট ভুয়া বা মিথ্যা প্রমাণিত হলে উহার দায়ভার জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের উপর বর্তাবে এবং এ বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে গণ্য হবে;

২৫/০৩/২৩
(মোঃ সুলতান নাছিমুল হক)
জেনারেল ম্যানেজার

<u>অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-সদয় অবগতির জন্য।</u>

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উত্তরাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা
০৪। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা | (বাপবিবোর্ডের নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধ সহ)।
০৪। তত্বাবধায়ক প্রকৌশলী, রংপুর জোন, বাপবিবো রংপুর।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-------------------পবিস-১/২/৩/৪।
০৬। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, নীলফামারী।
০৭। সকল ডিজিএম, নীলফামারী পবিস।
০৮। সকল এজিএম, সদর দপ্তর/সাব-জোনাল অফিস, নীলফামারী পবিস।
০৯। নোটিশ বোর্ড, নীলফামারী পবিস।
**(এজিএম ,আইটি-১/২ পবিসের নিজস্ব ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা নিবেন।)**
১০। অফিস কপি/মাষ্টার কপি।

২৫/০৩/২৩
(মোঃ সুলতান নাছিমুল হক)
জেনারেল ম্যানেজার